

## ষষ্ঠ অধ্যায়

# ধর্মীয় উপাখ্যানে নৈতিক শিক্ষা

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**◘ শূন্যস্থান পূরণ কর**--------------------------------//

১. তিতিৰার অপর নাম ——।
২. ভোগে মানুষের —— বৃদ্ধি পায়।
৩. অপরের কষ্ট দূর করার এক নাম ——।
৪. ত্যাগ মানুষের মনে —— এনে দেয়।
৫. অন্যের প্রতি —— হিন্দুধর্মের অন্যতম বৈশিষ্ট্য।

**উত্তর :** ১. সহিষ্ণুতা ২. লোভ–লালসা ৩. দয়া ৪. শান্তি ৫. দয়া।

**◘ ডান পাশ থেকে শব্দ বা বাক্যাংশ নিয়ে বাম পাশের সাথে মিল কর**----------------------------------------//

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. নৈতিকতা গঠনে | ত্যাগ হয় না |
| ২. তিতিৰা না থাকলে | সর্বদা শ্রদ্ধেয় |
| ৩. ত্যাগী মানুষ | সততার গুরুত্ব অপরিসীম |
| | নিজেকে সমৃদ্ধশালী করাবার |

**উত্তর :** ১. নৈতিকতা গঠনে **সততার গুরুত্ব অপরিসীম।**
২. তিতিৰা না থাকলে **ত্যাগ হয় না।**
৩. ত্যাগী মানুষ **সর্বদা শ্রদ্ধেয়।**

**◘ নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও** ---------------//

**প্রশ্ন ॥ ১ ॥ সততা বলতে কী বোঝায়? সততার দুটি উদাহরণ দাও।**

**উত্তর :** 'সৎ' শব্দ থেকে 'সততা' শব্দের উৎপত্তি। কোনো অন্যায় বা অবৈধ কাজ না করার নামই সততা। সততা আসলে কোনো একক গুণ নয়। কতগুলো গুণের সমষ্টিমাত্র। এসব গুণের মধ্যে আছে সত্যনিষ্ঠা, আন্তরিকতা, স্পষ্টবাদিতা, সদাচার, লোভহীনতা প্রভৃতি। সততার দুটি উদাহরণ– তূণীরের সততা এবং শ্রীরামচন্দ্রের সততা।

**প্রশ্ন ॥ ২ ॥ লক্ষ্মণ রামসীতার সাথে বনে গেলেন কেন?**

**উত্তর :** ভ্রাতৃপ্রেমে লক্ষ্মণ রামসীতার সাথে বনে গেলেন। লৰণ, রাম ও সীতাকে অনেক ভালোবাসতেন। রামসীতা যখন বনবাসে যাচ্ছিলেন তখন লক্ষ্মণ রাজ পরিবারের সুখ ত্যাগ করে তাদের সঙ্গে বনে চলে গেলেন। কারণ লক্ষ্মণের চরিত্রে ত্যাগের মহিমাময় গুণ ছিল। তাই লৰণ, রাম ও সীতার সেবা করার জন্য বনে গমন করেছিলেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ কৈকেয়ী রাজা দশরথের কাছে বর দুটি প্রার্থনা করলেন কেন?**

**উত্তর :** নিজ পুত্র ভরতকে সিংহাসনে বসাতে কৈকেয়ী বর দুটি চেয়েছিলেন।
রাজা দশরথ একবার অসুস্থ হয়ে পড়েছিলেন। কৈকেয়ীর সেবাযত্নে তিনি সুস্থ হয়ে উঠলে তাকে দুটি বর দিতে চান। রামের অভিষেকের সময়ে কৈকেয়ী বর দুটি চেয়ে নেন। এক বরে রাম চৌদ্দ বছরের জন্য বনে যাবে, অন্য বরে ভরত বসবে সিংহাসনে।

**◘ নিচের প্রশ্নগুলোর উত্তর দাও** ----------------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ ত্যাগ–তিতিক্ষা কাকে বলে? উদাহরণসহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** সাধারণত ত্যাগ শব্দের অর্থ কোনো কিছু বিসর্জন করাকে বোঝায়। নিজ স্বার্থ রক্ষা না করে অন্যের মঙ্গলের জন্য কোনো কিছু দান করার মানসিকতাকে বলা হয় ত্যাগ। তিতিৰাও ত্যাগের মতো আরেকটি বিশেষ গুণ। তিতিক্ষা মানে সহিষ্ণুতা। অন্যের প্রতি সহিষ্ণু হয়েই ব্যক্তি ত্যাগী হয়ে ওঠে। নিজ স্বার্থ না দেখে অন্যের মঙ্গলের জন্য কাজ করে সর্বসুখ বির্সজন দেয়।
শ্রীরাম ভরতের প্রতি সহিষ্ণু হয়ে তার পিতৃসম্মান অক্ষুণ্ন রাখতেই বনে গমন করেন। তার এ ত্যাগের পেছনে তিতিক্ষাই কাজ করেছিল। তিতিক্ষা ছিল তার চরিত্রের সবচেয়ে বড় গুণ।

**প্রশ্ন ॥ ২ ॥ পারিবারিক ও সামাজিক জীবনে ত্যাগ–তিতিক্ষা কীভাবে শান্তি আনতে পারে– ব্যাখ্যা কর।**

উত্তর : ত্যাগ–তিতিক্ষা মানুষের একটি মহৎ গুণ। এ গুণটির জন্য পরিবার ও সমাজে সবার মধ্যে শান্তিপূর্ণ সম্পর্কের সৃষ্টি হয়। সবাই একে অন্যের দুঃখ, কষ্ট, প্রয়োজন অনুভব করে। বিপদে সহায় হয়, সাহায্য করে। নিজের স্বার্থকে বড় করে দেখে না। এভাবে পারিবারিক ও সামাজিক জীবনে ভালো প্রভাব ফেলে। সবাই সুখে–শান্তিতে মিলেমিশে জীবনযাপন করে। সবার মাঝে মৈত্রীভাব গড়ে ওঠে। এটি হিন্দুধর্মের একটি গুরুত্বপূর্ণ দিক।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. স্বয়ং বিষ্ণু কোন যুগে রাম অবতাররূপে আবির্ভূত হয়েছিলেন?**
ক সত্যযুগ　খ দ্বাপরযুগ
● ত্রেতাযুগ　ঘ কলিযুগ

**২. ত্যাগ ও তিতিক্ষা আদর্শে প্রভাবিত ব্যক্তি সর্বদাই –**
i. পরিশ্রমী　ii. সহিষ্ণু　iii. দয়ালু
**নিচের কোনটি সঠিক ?**
ক i　খ ii　● ii ও iii　ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ-১ : সততা ■ পৃষ্ঠা-৪১ ও ৪২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩. সততা শব্দের উৎপত্তি কোন শব্দ থেকে?** (জ্ঞান)
● সৎ　খ সতত　গ সত্য　ঘ সত্যি

**৪. সততা কেমন গুণ?** (জ্ঞান)
ক সত্য　খ সীমাহীন
● মহৎ　ঘ অপরিসীম

**৫. কার মন কালিমালিপ্ত?** (জ্ঞান)

(ক) সৎ ব্যক্তির ● অসৎ ব্যক্তির
(গ) গুণহীন ব্যক্তির (ঘ) মিথ্যাবাদীর

**৬. এক মানুষ অন্য মানুষের কাছে বিশ্বস্ত হয় কীভাবে?** (অনুধাবন)
(ক) অসততার কারণে (খ) আলেম হওয়ার কারণে
(গ) ধন–সম্পদের কারণে ● সততার কারণে

**৭. পরেশ কোনো অন্যায় বা অবৈধ কাজে অংশ নেয় না। এক্ষেত্রে তাকে কী বলা যায়?** (প্রয়োগ)
● সৎ ব্যক্তি (খ) শান্তিপ্রিয় (গ) পরহেজগার (ঘ) আমানতদার

**৮. অসৎ ব্যক্তির অসততার সামাজিক কুফল কীরূপ?** (উচ্চতর দৰতা)
● সামাজিক অশান্তি (খ) সমাজে কিছুই হয় না
(গ) সমাজ উন্নত হয় (ঘ) সমাজ বড় হয়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯. সততার গুণে গুণান্বিত ব্যক্তি—** (অনুধাবন)
i. স্পষ্টবাদী ii. লোভী iii. বিশ্বস্ত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
কার্তিক সমাজের উন্নতির জন্য খুবই আন্তরিক। কোনো অন্যায় দেখলে প্রকাশ্যে তা প্রতিহত করে। তার জীবনে কোনো লোভ পরিলৰিত হয় না।

**১০. কার্তিকের আচরণে কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
● সততা (খ) মমতা (গ) বিশ্বস্ততা (ঘ) অপারগতা

**১১. কার্তিকের এরূপ কর্মকাণ্ডের ফলে সমাজ হবে—** (উচ্চতর দক্ষতা)
i. শান্তিময় ii. উন্নত iii. বিঘ্নিত
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-২ : সততার পুরস্কার ■ পৃষ্ঠা-৪২ ও ৪৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২. তূণীর গ্রাম থেকে শহরে আসে কেন?** (অনুধাবন)
লেখাপড়ার জন্য ● কাজের সন্ধানে পিতাকে খুঁজতে মুক্তিযুদ্ধ করতে

**১৩. তূণীর দোকানদারের কাছে কী চায়?** (জ্ঞান)
● এক গৱাস জল (খ) ফলের জুস (গ) খাদ্য (ঘ) টাকা

**১৪. দোকানদারের নাম কী?** (জ্ঞান)
(ক) হুক্কা সেন (খ) পাকাল মৃধা ● দয়াল বসাক (ঘ) রামকৃষ্ণ

**১৫. তূণীরকে সবাই সম্মান করে কেন?** (অনুধাবন)
সম্পদের কারণে ● সততার কারণে (গ) শক্তির ভয়ে (ঘ) অসহায় বলে

**১৬. সৎ এর বিপরীত কী?** (জ্ঞান)
● অসৎ (খ) মিথ্যা (গ) অকৃতজ্ঞতা (ঘ) রাহাজানি

**১৭. দয়াল বসাক চলে যাওয়ার পর তূণীর তার ব্যবসা চালাতে লাগল। এর ফলে কী হলো?** (উচ্চতর দৰতা)
(ক) ব্যবসার ৰতি হলো ● ব্যবসার উন্নতি হলো
(গ) ব্যবসা ছেড়ে দিল (ঘ) দোকানে আগুন লাগল

**১৮. হঠাৎ তোমার নামটা মনে পড়ল, তাই ছুটে এলাম। কে কাকে বলেছেন?** (প্রয়োগ)
(ক) বসাক দয়াল তূণীরকে (খ) বসাক তূণীরকে
(গ) তূণীর বসাককে ● দয়াল বসাক তূণীরকে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. যিনি অসৎ তিনি সত্যকে—** (অনুধাবন)
i. প্রকাশ করেন ii. গোপন করেন iii. মিথ্যা বলেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
কাকনকে গৌরাঙ্গ দোকানে বসিয়ে বাইরে যায় কিন্তু আর ফিরে আসে না। এভাবে দোকানদারের অনুপস্থিতিতে সে নিজেই দোকান চালিয়ে ব্যবসাকে আরও বাড়িয়ে তোলে।

**২০. উদ্দীপকের কাকনের চরিত্র কার সাথে মিলে যায়?** (প্রয়োগ)
● তূণীরের দয়াল বসাকের দোকানদারের অচেনা লোকের

**২১. তূণীরের প্রচেষ্টার ফলে দোকানের উত্তরোত্তর—** (উচ্চতর দৰতা)
i. অবনতি হয় ii. লাভ হয় iii. উন্নতি হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৩ ও ৪ : কর্তব্যনিষ্ঠা ও আরুণির কর্তব্যনিষ্ঠা ■ পৃষ্ঠা-৪৪

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২২. শিক্ষার্থীর কাজ কী?** (জ্ঞান)
● শিৰা অর্জন (খ) ঘুমিয়ে থাকা (গ) মাছ ধরা (ঘ) খেলাধুলা

**২৩. আরুণির গুরুর নাম কী?** (জ্ঞান)
(ক) বেদ (খ) উদ্দালক (গ) উপমন্যু ● ধৌম্য

**২৪. কর্তব্যনিষ্ঠা চরিত্রকে কী করে?** (জ্ঞান)
(ক) মরান (খ) কলুষিত ● মহৎ (ঘ) মধুর

**২৫. আমরা দায়িত্ব পালন করব কেন?** (অনুধাবন)
(ক) টাকার জন্য (খ) চাকরির জন্য (গ) সম্মানের জন্য ● কর্তব্যনিষ্ঠার জন্য

**২৬. দেবযানি শিক্ষকের পড়া ঠিকমতো শিখে এবং প্রতিদিন বিদ্যালয়ে যায়। তার এরূপ কাজকে কী বলে?** (প্রয়োগ)
● কর্তব্যনিষ্ঠা (খ) শিৰা (গ) মনোযোগ (ঘ) পড়ালেখা

**২৭. পুলক সমাজের কোনো কাজকেই অবহেলা করে না। বরং যত্নের সাথে সব কাজ করে দেয়। এর ফলে সমাজ কেমন হবে?** (উচ্চতর দৰতা)
● উন্নত (খ) অবনত (গ) ৰতিগ্রস্ত (ঘ) বিভক্তি

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৮. আরুণি তার কর্তব্যনিষ্ঠার গুণে—** (অনুধাবন)
i. বিখ্যাত হয়ে রইলেন ii. মারা গেলেন iii. ঋষি হলেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জন্টু দাস মানুষের চলাচলের রাস্তাটি নিজ উদ্যোগে ঠিক করে দেয়। একদিন স্কুলে যাওয়ার সময় একটি শিশুকে পানিতে হাবুডুবু খেতে দেখে পানি থেকে উঠিয়ে তার জীবন বাঁচায়।

**২৯. জন্টু দাসের চরিত্রে কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
● কর্তব্যনিষ্ঠা (খ) খিয়ানত (গ) জ্ঞান (ঘ) পরমতসহিষ্ণুতা

**৩০. জন্টু দাসের এরূপ চরিত্রের ফলে সমাজে সৃষ্টি হবে—** (উচ্চতর দৰতা)
i. কোন্দল ii. শান্তি iii. মধুর পরিবেশ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৫, ৬ ও ৭ : ত্যাগ-তিতিক্ষা এবং শ্রীরামচন্দ্রের ত্যাগ-তিতিক্ষা ■ পৃষ্ঠা-৪৫ ও ৪৬

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩১. ধর্ম গ্রন্থে কোন ধরনের শিক্ষা প্রদান করা হয়েছে?** (জ্ঞান)
● নৈতিক (খ) শারীরিক (গ) মানসিক (ঘ) মানবিক

**৩২. মানব চরিত্রের নৈতিক গুণ কোনটি?** (জ্ঞান)
(ক) লোভ ● ত্যাগ (গ) হিংসা (ঘ) নিন্দা

**৩৩. মানুষকে ধ্বংসের মুখে ঠেলে দেয় কোনটি?** (জ্ঞান)
(ক) সততা (খ) ত্যাগ (গ) ৰমা ● লোভ

**৩৪. ধর্মের অঙ্গ কোনটি?** (জ্ঞান)
● তিতিৰা (খ) আত্মসম্মান (গ) প্রতিজ্ঞা (ঘ) ধৈর্য

**৩৫. রাম কার অবতার?** (জ্ঞান)
ক ব্রহ্মা  খ কৃষ্ণ  গ শিব  ● বিষ্ণু

**৩৬. অযোধ্যার রাজা কে ছিলেন?** (জ্ঞান)
● দশরথ  খ সুরথ  গ দুর্যোধন  ঘ ভীম

**৩৭. দশরথের কয় রানি?** (জ্ঞান)
ক ২  ● ৩  গ ৪  ঘ ৫

**৩৮. কৌশল্যার পুত্র কে ছিলেন?** (জ্ঞান)
ক ভরত  খ শত্রঘ্ন  ● রাম  ঘ লৰণ

**৩৯. ভরতের মাতার নাম কী?** (জ্ঞান)
ক কৌশল্যা  ● কৈকেয়ী  গ সুমিত্রা  ঘ দ্রৌপদী

**৪০. কৈকেয়ী রাজা দশরথের কাছে কয়টি বর চেয়েছিলেন?** (জ্ঞান)
ক ১  ● ২  গ ৩  ঘ ৪

**৪১. মানুষ কেন লোভী হয়?** (অনুধাবন)
ক হিংসার কারণে  খ পাপের কারণে
গ সম্পত্তির কারণে  ● ভোগের ইচ্ছার কারণে

**৪২. মানুষ ধ্বংসের পথে চলে যায় কেন?** (অনুধাবন)
ক হিংসার কারণে  খ পাপের কারণে  ● লোভের কারণে  ঘ ভোগের কারণে

**৪৩. ত্যাগ ও তিতিক্ষার মধ্যে সম্পর্ক কেমন?** (অনুধাবন)
ক পরস্পরবিরোধী  খ করাকারি  গ পাশাপাশি  ● নিবিড়

**৪৪. রাম ও দশরথের মধ্যে কোন ধরনের সম্বন্ধ বিদ্যমান?** (অনুধাবন)
● পিতা–পুত্রের  খ ভাইয়ের
গ দাদা–পৌত্রের  ঘ কাকা–ভাতিজার

**৪৫. রাম বনে গেলেন কেন?** (অনুধাবন)
ক ধর্ম রৰার জন্য  খ সততা প্রকাশের জন্য
● পিতার সত্য রৰার জন্য  ঘ মহত্ত্ব প্রকাশের জন্য

**৪৬. তিতিক্ষা বলতে কী বোঝায়?** (অনুধাবন)
ক ত্যাগ  খ স্বার্থ  ● সহিষ্ণুতা  ঘ সত্যবাদিতা

**৪৭. ব্যক্তিতে ব্যক্তিতে সংঘাতের পেছনে অনেক কারণ রয়েছে। মিঠুন কোন কারণটি সঠিক মনে করবে?** (প্রয়োগ)
ক সংযমের অভাব  খ সমঝোতার অভাব
● তিতিৰার অভাব  ঘ সততার অভাব

**৪৮. জীবনে সহিষ্ণুতার প্রয়োজনীয়তা কেমন?** (অনুধাবন)
● অপরিসীম  খ সম্পূরক  গ পরস্পরবিরোধী  ঘ কাছাকাছি

**৪৯. মানুষ দেবতার স্তরে উন্নীত হওয়ার পেছনে নিচের কোনটি সমর্থনযোগ্য?** (অনুধাবন)
ক কর্ম  খ ধর্ম  ● চরিত্র  ঘ জ্ঞান

**৫০. ভরতের সাথে রামের অযোধ্যায় ফিরে না যাওয়ার কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ক তপস্যা  ● ত্যাগ  গ দয়া  ঘ ধর্ম

**৫১. সবাই মিলে পরস্পরের মত ও চিন্তার প্রতি সহিষ্ণু হয়েই মানুষ সমাজ গঠন করেছে। উক্তিটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
● তিতিৰা  খ সৌহার্দ  গ বন্ধুত্ব  ঘ কর্তব্য

**৫২. "নিজের সুখ বা লাভের চিন্তা থেকে নিজেকে বিরত রাখা।" এ কথাটি দ্বারা কোনটি প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দক্ষতা)
ক কর্ম  খ কর্তব্য  ● ত্যাগ  ঘ দান

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৩. ত্যাগ ছাড়া হয় না–** (অনুধাবন)
i. কর্ম  ii. ধর্ম  iii. কর্তব্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**৫৪. মানবচরিত্রের মহৎ গুণ–** (অনুধাবন)
i. ত্যাগ  ii. তিতিৰা  iii. দয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  গ iii  ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৫ ও ৫৬নং প্রশ্নের উত্তর দাও :**
সীমা ধর্মগ্রন্থের ত্যাগ–তিতিৰা উপাখ্যান পড়ে এর গূঢ়রহস্য সম্পর্কে জানতে পারে এবং নিজেই নিজের কাজ করতে উদ্বুদ্ধ হয়।

**৫৫. ত্যাগ–তিতিক্ষায় মানবচরিত্রের কোন দিকটি ফুটে ওঠে?** (প্রয়োগ)
ক আদর্শ  ● গুণ  গ ধর্ম  ঘ অজ্ঞা

**৫৬. সীমার জীবনে ত্যাগ–তিতিক্ষার প্রয়োজন নিচের যেটির ক্ষেত্রে সমর্থনযোগ্য–** (উচ্চতর দক্ষতা)
i. উন্নতির জন্য
ii. নৈতিক জীবনের জন্য
iii. ধর্ম প্রচারের জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## পাঠ-৮ ও ৯ : সৎ-জীবন পরিচালনার গুরুত্ব ও সৎ-জীবন পরিচালনায় পরিবারের ভূমিকা ■ পৃষ্ঠা ৪৬ ও ৪৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৭. সকলের মনের অন্ধকার দূর করেন কে?** (জ্ঞান)
● সৎ মানুষ  খ শিব  গ বিষ্ণু  ঘ জগাই

**৫৮. সমাজের অশান্তি দূর করেন কে?** (জ্ঞান)
ক চেয়ারম্যান  ● সৎ মানুষ
গ পিতা–মাতা  ঘ ঋষি

**৫৯. সৎ প্রবৃত্তির ফলে মানুষ যে কাজ করে তাকে কী বলে?** (উচ্চতর দৰতা)
● সৎ কাজ  খ অসৎ কাজ
গ যুক্তিপূর্ণ কাজ  ঘ অলসতা

**৬০. মানুষ অসৎ কাজ করে কেন?** (অনুধাবন)
ক সৎ প্রবৃত্তির কারণে  খ প্রবৃত্তির কারণে
● অসৎ প্রবৃত্তির কারণে  ঘ বুদ্ধিহীনতার কারণে

**৬১. প্রবৃত্তি কত প্রকার?** (জ্ঞান)
● ২  খ ৩  গ ৪  ঘ ৫

**৬২. সুবল দাস তার পরিবারের কর্তাব্যক্তি। তিনি চান পরিবারের সবাই যেন আদর্শবান হয়। এক্ষেত্রে তার কী করা উচিত?** (প্রয়োগ)
ক সবাইকে শাসন করা
● নিজে সদগুণের অধিকারী হওয়া
গ পরিবার থেকে বের হয়ে যাওয়া
ঘ সবাইকে পরিত্যাগ করা

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৩. পরিবারের প্রত্যেক সদস্যকে অর্জন করতে হবে–** (উচ্চতর দৰতা)
i. ধৈর্য্য  ii. সহমর্মিতা
iii. সহনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৬৪ ও ৬৫নং প্রশ্নের উত্তর দাও :**
রাসু জীবনকে সুন্দর করার জন্য ধৈর্য, সংযম, সহনশীলতার ৰমা, সহমর্মিতা প্রভৃতি গুণে গুণান্বিত হতে চেষ্টা করছে। সাথে সাথে অসৎ আচরণ থেকে বেঁচে থাকতে চেষ্টা করছে।

**৬৪. রাসুর এ ধরনের জীবনকে কী বলে?** (প্রয়োগ)
ক কর্তব্য জীবন  খ পরম জীবন
● সৎ জীবন  ঘ অলৌকিক জীবন

**৬৫. রাসুর এরূপ জীবন গঠন করার ফলে সে লাভ করবে–** (উচ্চতর দৰতা)
i. শ্রদ্ধা  ii. ভালোবাসা
iii. সম্পদ

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নীলরতন ও মনোরমার বেশ সুখেই সাংসারিক জীবন কাটাচ্ছিল। বেশ কয়েক বছর হলো তাদের কোনো সন্তানাদি হচ্ছে না। ডাক্তার বলেছে তাদের সন্তান হওয়ার কোনো সম্ভাবনা নেই। এজন্য তাদের দুজনের মধ্যে একটা হতাশা বিরাজ করছে। বাড়ির কর্মচারী দীননাথ ব্যাপারটি লৰ করে। সে দরিদ্র। তার দুটি সন্তান। দীননাথ স্ত্রীকে রাজি করিয়ে তার একটি সন্তানকে মনোরমার কোলে তুলে দেয়। মনোরমা নীলরতনের সংসারে শান্তির আবহ ফিরে আসে।

ক. রামায়ণের প্রধান চরিত্র কে?

খ. তিতিৰার মাধ্যমে সমাজে কীভাবে শান্তি প্রতিষ্ঠিত হয়– ব্যাখ্যা কর?

গ. দীননাথের চরিত্রের বৈশিষ্ট্যে রামচন্দ্রের কোন দিকটি প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর।

ঘ. মনোরমা ও নীলরতনের সংসারে সুখের আবহের মূলে রয়েছে দীননাথের ভূমিকা– তোমার পঠিত উপাখ্যানের আলোকে মূল্যায়ন কর।

### ১নং প্রশ্নের উত্তর

ক. শ্রীরামচন্দ্র রামায়ণের প্রধান চরিত্র।

খ. পরস্পর পরস্পরের মতের ও চিন্তার প্রতি সহিষ্ণু হয়েই তিতিৰার মাধ্যমে সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়।

তিতিক্ষা মানুষের নৈতিক গুণ। এর মাধ্যমে মানুষ সহিষ্ণু হয়ে থাকে। সহিষ্ণুতা পরম ধর্ম। সমাজে একে অন্যের প্রতি সহিষ্ণু মনোভাব গড়ে তুললে সমাজজীবনে শান্তি প্রতিষ্ঠিত হয়। সহিষ্ণুতা না থাকলে কেউ কারো জন্য কিছুই ত্যাগ করত না। ফলে অশান্তি দেখা দিত।

তাই বলা যায় যে, পরস্পর পরস্পরের মতের ও চিন্তার প্রতি সহিষ্ণু হয়ে তিতিৰার মাধ্যমে সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়।

গ. দীননাথের চরিত্রের বৈশিষ্ট্যে রামচন্দ্রের ত্যাগ–তিতিৰার মহিমার দিকটি প্রতিফলিত হয়েছে।

কারণ শ্রীরামচন্দ্র ছিলেন ত্যাগ–তিতিৰার এক উজ্জ্বল দৃষ্টান্ত। পিতৃসত্য পালনে তিনি রাজসিংহাসন ত্যাগ করে বনে গমন করেন। রাজপ্রাসাদের বদলে বাস করেন পর্ণকুঠীরে। রাজভোগের বদলে গ্রহণ করেন বনের ফলমূল।

উদ্দীপকেও আমরা দেখি যে, দীননাথও নিজ সুখ আশা না করে নিজের সন্তানকে নিঃসন্তান দম্পতির হাতে তুলে দেন। দীননাথ যেন রামচন্দ্রের প্রতিচ্ছবি। অর্থাৎ, শ্রীরামচন্দ্র ও দীননাথের চরিত্রে ত্যাগ–তিতিৰার মহিমার বিশেষ প্রকাশ পরিলৰিত হয়।

ঘ. মনোরমা ও নীলরতনের সংসারে সুখের আবহের মূলে রয়েছে দীননাথের ভূমিকা– উক্তিটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

কারণ উদ্দীপকে দীননাথের ত্যাগের ফলেই মনোরমা ও নীলরতনের সংসারে সুখ ফিরে আসে। নিজের সন্তানকে অন্যের হাতে তুলে দেন দীননাথ। ত্যাগ ছাড়া এটি সম্ভব নয়। ত্যাগ–তিতিৰার দ্বারাই দীননাথ মনোরমা ও নীলরতনের সংসারে সুখ এনে দিতে সৰম হন।

ত্যাগ–তিতিৰা মানবচরিত্রের একটি বিশেষ নৈতিক গুণ। ত্যাগ মানুষকে করে মহান, সমাজে এনে দেয় শান্তি। তিতিৰাও একই সাথে সমাজে শান্তি আনে। সহিষ্ণু না হলে সুষ্ঠুভাবে সামাজিক কাজকর্ম করা অসম্ভব। জীবনে সহিষ্ণুতার গুরৰত্ব অনেক। তাই ত্যাগের সাথে তিতিৰার কথাও একই সাথে উচ্চারিত হয়ে থাকে। প্রকৃতপৰে ত্যাগ ও তিতিৰা অঙ্গাঙ্গীভাবে জড়িত।

তাই উলিৰখিত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায় যে, মনোরমা ও নীলরতনের সংসারে সুখের আবহের মূলে রয়েছে দীননাথের ভূমিকা।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দীননাথ পোদ্দার স্পষ্টবাদী মানুষ। কোনো অন্যায় অপরাধ নিজেও করেন না এবং অন্যকে করতে দেখলে বাধা দেন। সদা ভালো পথে চলেন। যেসব বদঅভ্যাস সামাজিক উন্নয়নের অন্তরায় তা দূর করতে সদা তৎপর। তিনি মনে করেন সমাজের কুসংস্কার দূর করা তার দায়িত্ব। তার এসব কর্তব্যনিষ্ঠা ও গুণাবলির কারণে সমাজের সবাই তাকে ভালোবাসে। **[ পাঠ–১, ২, ৩ ও ৪ ]**

ক. কর্তব্যনিষ্ঠা শব্দটির মানে কী? ১

খ. আরৰণি বিখ্যাত হয়ে আছেন কেন? ২

গ. উদ্দীপকের দীননাথ পোদ্দারের চরিত্রে কোনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দীননাথ পোদ্দারের এসব বৈশিষ্ট্য সমাজে কেমন প্রভাব রাখবে বলে তুমি মনে কর? বিশেৰষণ কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. কর্তব্যনিষ্ঠা শব্দটির মানে নিজের করণীয় কাজের প্রতি গভীর মনোযোগ।

খ. কর্তব্যনিষ্ঠার কারণে আরৰণি বিখ্যাত হয়ে আছেন।

ঋষি ধৌম্যের প্রিয় শিৰার্থী আরৰণিকে খেতের আল বাঁধতে পাঠালে আরৰণি অনেক চেষ্টা করেও তা সম্পন্ন করতে ব্যর্থ হয়। সে নিজেই আলের ভাঙা জায়গায় শুয়ে জল বন্ধ করার চেষ্টা করে। এদিকে দিন গড়িয়ে সন্ধ্যা নামে। তবু আরৰণি গুরৰগৃহে ফেরে না। পরে ঋষি ধৌম্য নিজেই তাকে খুঁজতে গিয়ে তাকে খেতের আলে শুয়ে থাকতে দেখেন। এই কর্তব্যনিষ্ঠার কারণে আরৰণি বিখ্যাত হয়ে আছেন।

গ. উদ্দীপকের দীননাথ পোদ্দারের চরিত্রে সততা গুণটি প্রকাশ পেয়েছে।

কোনো অন্যায় বা অবৈধ কাজ না করার নামই সততা। যিনি সত্যের পূজারি, সত্য কথা বলেন, সৎপথে চলেন, কখনো সত্যকে গোপন করেন না, মিথ্যাকে প্রশ্রয় দেন না তিনি সততা গুণে গুণান্বিত।

উদ্দীপকেও দেখা যায় যে, দীননাথ পোদ্দার যে কোনো অন্যায়–অপরাধের বিরৰদ্ধে আপসহীন। তাছাড়া কিছু নিন্দনীয় আচরণ ও কর্মকান্ড আছে যা সমাজের উন্নয়নের অন্তরায় সেগুলো দূর করতেও দীননাথ পোদ্দার সদাতৎপর। সমাজের অন্ধকারাচ্ছন্নতা দূর করা তিনি তার দায়িত্ব মনে করেন। এ রকম গুণাবলি একজন সৎ মানুষেরই থাকে। এৰেত্রে দীননাথ পোদ্দারের চরিত্রে সততা গুণটি প্রকাশ পেয়েছে।

ঘ. দীননাথ পোদ্দারের এসব চারিত্রিক বৈশিষ্ট্য সমাজে ইতিবাচক ভূমিকা রাখবে, সমাজকে উন্নত করবে বলে আমি মনে করি।

দীননাথ পোদ্দার একজন সৎ ও কর্তব্যনিষ্ঠ ব্যক্তি। যে সব গুণ মানুষকে মহৎ, পুণ্যবান ও আদর্শ হিসেবে প্রতিষ্ঠিত করে, তাদের মধ্যে সততার গুরৰত্ব সর্বাধিক। আর কর্তব্যনিষ্ঠ ব্যক্তির চরিত্রকে মহৎ করে। এতে ব্যক্তি ও সমাজ দুয়েরই উপকার হয়।

উদ্দীপকের দীননাথ পোদ্দার সব সময় ভালো পথে চলেন। নিজে কোনো অন্যায় করেন না এবং অন্যায় হতেও দেন না। এছাড়াও সমাজ ও জীবনের জন্য খারাপ এমন বিষয়েও বাধা দেন। একে তিনি তার কর্তব্য মনে করেন।

তার এসব চারিত্রিক বৈশিষ্ট্যের জন্য তাকে সৎ ও কর্তব্যনিষ্ঠ ব্যক্তি বলা যায়। আর এ ধরনের ব্যক্তি বৈশিষ্ট্য সমাজ উন্নত করে, বসবাসের উপযোগী করে পৃথিবীকে। মানব জীবনে শান্তি ও স্বস্তি এনে জীবনকে আলোকিত ও মহিমান্বিত করে তোলে।

**প্রশ্ন -৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

পাপন পিতা-মাতা, ভাই-বোন, দাদা-দাদি সবার সাথে ভালো আচরণ করে। কারও কষ্ট ও বিপদ দেখলে তা দূর করতে সচেষ্ট হয়। সে এমন একটি জীবন গঠন করতে চায় যা সবার জন্য আদর্শ হবে। এজন্য সে ধৈর্য, সংযম, ৰমা প্রভৃতি গুণাবলি অর্জনে সচেষ্ট। তার আশা এসব গুণাবলি অর্জনের মাধ্যমে সমাজ, রাষ্ট্র ও পরিবার সবার মঙ্গল সাধন করা। আর এ মনোভাব সে শিখেছে তার পরিবারের কাছ থেকে।

ক. কে মানুষের ৰতি করে না? ১
খ. কখন সমাজ শান্তির আধার হয়ে উঠে? ২
গ. উদ্দীপকে পাপনের চরিত্রে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সৎভাবে জীবন পরিচালনায় পরিবারের ভূমিকাই মূখ্য"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. সৎ ব্যক্তি মানুষের ৰতি করে না।

খ. সমাজে যখনই সৎ মানুষের আবির্ভাব হয়, তখনই সমাজ শান্তির আধার হয়ে উঠে।
আমাদের সবার মঙ্গলের জন্য, সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্য, দেশের উন্নতি ও শৃঙ্খলা স্থাপনের জন্য সবাইকে সৎ জীবনের অধিকারী হতে হবে। সৎ জীবনযাপনের মাধ্যমে সবার সাথে ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা ইত্যাদি গড়ে তুলতে হবে। আর এভাবেই শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল সমাজ গঠন সম্ভব হবে।

গ. উদ্দীপকে পাপনের চরিত্রে সৎভাবে জীবনযাপন করার বিষয়টি ফুটে উঠেছে।
সততা, সত্যবাদিতা, কর্তব্যনিষ্ঠা, একাগ্রতা, ত্যাগ-তিতিৰা, সহনশীলতা, সহিষ্ণুতা প্রভৃতি গুণগুলো যার মধ্যে থাকে তাকেই আমরা সৎমানুষ বলে জানি। সৎমানুষ কখনো কারো ৰতি করতে পারে না। সে তার আলোকিত জীবন দিয়ে সকলের অন্ধকার দূর করে।
উদ্দীপকে পাপন নামের ছেলেটি বাবা-মা, দাদা-দাদি সবার সাথে ভালো ব্যবহার করে। মানুষের বিপদে-আপদে এগিয়ে এসে তা দূর করার চেষ্টায় নিয়োজিত থাকে। তার আশা সে এমন একটি জীবন গঠন করবে যা সবার জন্য আদর্শ হয়ে থাকবে। সে চায় সমাজ, রাষ্ট্র, পরিবার সবার মঙ্গল করবে তার অর্জিত গুণাবলি দ্বারা। এসব গুণাবলির মাধ্যমেই পাপনের চরিত্রে সৎভাবে জীবনযাপন করার বিষয়টি ফুটে উঠেছে।

ঘ. "সৎভাবে জীবন পরিচালনায় পরিবারের ভূমিকাই মূখ্য"— উক্তিটি যথার্থ।
মানুষ যখন জন্মগ্রহণ করে তখন সে সৎ, সুজন বা দুর্জন ইত্যাদি কোনো গুণাবলি নিয়েই জন্মগ্রহণ করে না। জন্মের পর পারিবারিক ও পারিপার্শ্বিক পরিবেশের কারণে ধীরে ধীরে মানুষের মধ্যে বিভিন্ন গুণের সমাবেশ ঘটে।
উদ্দীপকে দেখা যায় যে, পাপন পিতা-মাতা, দাদা-দাদি সবার সাথে ভালো আচরণ করে। মানুষের বিপদে-আপদে সাহায্যের জন্য এগিয়ে আসে। সমাজ, রাষ্ট্র ও পরিবারের উন্নয়নকল্পে সদ্গুণাবলি অর্জনে সচেষ্ট। এগুলো সে সাধারণত পরিবার থেকেই শিখেছে। তার পরিবার তাকে এসব গুণাবলি অর্জনে সহায়তা করছে। তাছাড়া পরিবারের নিয়ম-কানুন, কৃষ্টি-কালচারও তাকে এ গুণাবলি অর্জনে সহায়তা করেছে।
সৎ কাজের ফলে ব্যক্তি সৎ মানুষরূপে চিহ্নিত হয়। সবাই তাকে ভালোবাসে ও শ্রদ্ধা করে। আর এসব গুণাবলি অর্জনে পরিবারের ভূমিকাই প্রধান। কেননা পরিবার সমাজের প্রথম স্তর। পরিবারের কর্তাব্যক্তি যদি সদগুণের অধিকারী হন তাহলে অন্যান্য সদস্যরাও সদগুণের অধিকারী হয়।
তাই বলা যায় যে, "সৎভাবে জীবন পরিচালনায় পরিবারের ভূমিকাই মূখ্য"।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ ত্যাগ অর্থ কী?**
**উত্তর :** কোনো কিছু বর্জন বা পরিহার করা।

**প্রশ্ন ॥ ২ ॥ ত্যাগ কাসের অঙ্গ?**
**উত্তর :** ত্যাগ ধর্মের অঙ্গ।

**প্রশ্ন ॥ ৩ ॥ রামের পিতার নাম কী?**
**উত্তর :** রাজা দশরথ রামের পিতা।

**প্রশ্ন ॥ ৪ ॥ তিতিক্ষা অর্থ কী?**
**উত্তর :** তিতিক্ষা অর্থ সহিষ্ণুতা।

**প্রশ্ন ॥ ৫ ॥ তিতিক্ষা সমাজে কী করে?**
**উত্তর :** সমাজে শান্তি আনয়ন করে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বিষ্ণুর অবতার কে?**
**উত্তর :** শ্রীরামচন্দ্র।

### অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ ত্যাগ কাকে বলে?**
**উত্তর :** ত্যাগ বলতে কোনোকিছু বর্জন বা পরিহার করা বোঝায়। কিন্তু বিশেষভাবে ত্যাগ বলতে বোঝায় নিজের স্বার্থকে বিসর্জন দেওয়া। নিজের সুখ বা লাভের চিন্তা থেকে নিজেকে বিরত রাখা। ভোগ বা সুখের ইচ্ছা পরিহার করাকেই ত্যাগ বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ কেন রাম বনে যাওয়ার জন্য প্রস্তুত হলেন?**
উত্তর : পিতৃসত্য রৰায় রাম বনে যাবার জন্য প্রস্তুত হলেন।
একবার রাজা দশরথ অসুস্থ হয়ে পড়েছিলেন। কৈকেয়ীর সেবায় সেবারে তিনি সুস্থ হন। তিনি বর দিতে চান কৈকেয়ীকে। সেই বর কৈকেয়ী চান রামের রাজ্য অভিষেকের সময় রামকে বনবাসে যেতে হবে চৌদ্দ বছরের জন্য আর ভরত হবে রাজা।
পিতার দেয়া সত্য রৰায় জন্য রাম বনে যাবার জন্যে প্রস্তুত হন।